

পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ

নীলাম বিজ্ঞপ্তি


সংশ্লিষ্ট জনসাধারণের উদ্দেশ্যে এতদ্বারা জানানো যায় যে, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদের গোড়াউনে রাখা ভাঙ্গাচোরা লোহার, টিনের, প্লাস্টিকের ও কাঠের আসবাবপত্র গুলি নীলাম ডাকের মাধ্যমে বিক্রয় করা হবে।

নীলামের সময় - বেলা. ১১ টা ৩০ মিনিট, নীলামের স্থানঃ পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ। পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদের সচিব মহাশয়ের কক্ষ্যে।

| দ্রব্য তালিকা | আনুমানিক ওজন ও মূল্য | মোট মূল্য | বিজ্ঞপ্তি দেওয়ার স্থান | ডাকের পূর্বে যে পরিমাণ অর্থ জমা দিতে হবে | সরকারী ডাকের পরিমাণ | নীলামের তারিখ |
|---------------|------------------------------|-----------|--------------------------------|--|---------------------|---------------|
| লোহা | ৩৬ কুইঃ X ৪৫ টাকা প্রতি কেজি | ১৬২০০০.০০ | জেলা পরিষদ নোটিশ বোর্ড | ৫০০০০.০০ | ৩০০০০০.০০ | ০৮/০৮/২০২৪ |
| টিন | ৮ কুইঃ X ৪০ টাকা প্রতি কেজি | ৩২০০০.০০ | জেলা শাসক কার্যালয়, কালেকটরেট | | | |
| প্লাস্টিক | ২ কুইঃ X ৩০ টাকা প্রতি কেজি | ৬০০০.০০ | মেদিনীপুর সদর পঞ্চগয়েত সমিতি | | | |
| কাঠ | ৪০ কুইঃ X ২৫ টাকা প্রতি কেজি | ১০০০০০.০০ | | | | |

নীলাম ডাকের নিয়ম ও শর্তাবলী নিম্নরূপঃ-

- উপরোক্ত বিজ্ঞপ্তি অনুযায়ী নীলামে অংশগ্রহণকারিগণের মধ্যে যে ব্যক্তি জেলা পরিষদের নির্ধারিত মূল্যের থেকে বেশী মূল্য প্রদান করবেন তাকে সর্বোচ্চ মূল্যদাতা হিসাবে গণ্য করা হবে।
- আমানত জমাকারীদের মধ্যে যারা অসফল হবেন তাদের জমাকরা আমানতের অর্থ ফেরত করা হবে।
- প্রথম সর্বোচ্চ ডাককারী যদি তাঁর ডাকের সমূহ অর্থ সঙ্গে সঙ্গে মিটিয়ে দিতে না পারেন তবে দ্বিতীয় সর্বোচ্চ ডাককারীকে তাঁর ডাকের সমূহ অর্থ মিটিয়ে খরিদ করার সুযোগ দেওয়া হইবে। যদি তিনি তাঁর ডাকের সমূহ অর্থ সঙ্গে সঙ্গে মিটিয়ে দিতে না পারেন অনুরূপভাবে তৃতীয় সর্বোচ্চ ডাককারীকে সুযোগ দেওয়া হবে এবং এই প্রক্রিয়ায় ডাক চলতে থাকিবে। যদি পাশাপাশি ডাকের মধ্যে খুব বেশী টাকার পার্থক্য থাকে সেক্ষেত্রে জিলা পরিষদ কর্তৃপক্ষ ডাক বাতিল বলে ঘোষণা করতে পারবেন। সর্বোচ্চ ডাকের অর্থ তৎক্ষণাৎ জমা না দিলে জমা দেওয়া তাঁর জামানত অর্থ বাজেয়াপ্ত হইবে এবং দ্বিতীয় ডাককারীকে পর্যায়ক্রমে অনুরূপ প্রদান করা হবে। জামানত বাজেয়াপ্ত এর ক্ষেত্রে একই নিয়ম প্রযুক্ত হবে। অনেক সময়ে নগদে সমস্ত টাকা এককালীন দেওয়ার ক্ষেত্রে ডাকে অংশগ্রহণকারী ব্যক্তিগণ বেশী পরিমাণ টাকা দূর থেকে নগদে বহন করার অসুবিধা কারণ দেখিয়ে সর্বোচ্চ ডাকের টাকায় কিছু অংশ পরবর্তীকালে পরিশোধ করার জন্য সময় প্রার্থনা করেন। বিশেষভাবে তাদের জন্য জিলা পরিষদের বক্তব্য যে, মনে করলে সরকারী ডাকের অর্থ তাঁরা ব্যাংক ড্রাফট (স্টেট ব্যাংক অব ইন্ডিয়া, মেদিনীপুর শাখার উপর, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ এর অনুকূলে প্রস্তুত করে) এর মাধ্যমে নিয়ে আসতে পারেন। কিন্তু সর্বোচ্চ ডাকের অর্থ তাৎক্ষণিকভাবে মেটানোর ক্ষেত্রে কোন ওজর আপত্তি শোনা যাবে না।
- ডাক চলাকালীন সময়ে প্রয়োজনবোধে কর্তৃপক্ষ সম্ভাব্য টাকা দর্শানোর জন্য বলতে পারবেন এবং ডাককারী তা দর্শাতে বাধ্য থাকবেন। যদি টাকা না দর্শাতে পারেন তাহলে তাঁকে পরবর্তী রাউন্ড থেকে ডাকের শেষ রাউন্ড পর্যন্ত আর ডাক দিতে দেওয়া যাইবে না।
- কোনরূপ কারণ না দেখাইয়া যেকোন ডাক গ্রহণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষের থাকিবে। জিলা পরিষদের সিদ্ধান্ত-ই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।
- সর্বোচ্চ ডাককারী সমূহ অর্থ জেলা পরিষদ তাহবিলে জমা দেওয়ার পর নিজ খরচে সমূহ ভাঙ্গাচোরা দ্রব্য গুলি দিনের আলোয় ছুটির দিন বাদে যে কোন দিন (সর্বোচ্চ ৭২ ঘন্টা) এর মধ্যে গোড়াউন খালি করে নিয়ে যাবেন।


সচিব

পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ

সুজাতা রায়

স্মারক নং. - ৩৭৮

তারিখ. - ৩২.০৭.২৪

প্রতিলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১. সভাপতি, পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ।
২. সহকারি সভাপতি, পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ।
৩. অতিরিক্ত জেলা শাসক ও অতিরিক্ত নির্বাহী আধিকারিক, পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ।
৪. কর্মাধ্যক্ষ, সকল স্থায়ী সমিতি, পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ।
৫. আর্থিক নিয়ামক ও মুখ্য গনণ আধিকারিক, পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ।
৬. জেলা বাস্তকার, পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ।
৭. কেশিয়ার, পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ।
৮. নোটিশবোর্ড, জেলা শাসক দপ্তর, কালেকটরেট, মেদিনীপুর।
৯. নোটিশবোর্ড, জেলা পরিষদ, মেদিনীপুর।
১০. নোটিশবোর্ড, মেদিনীপুর সদর পঞ্চায়েত সমিতি, মেদিনীপুর।



সচিব

পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ